

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কালিয়া, নড়াইল।

বিষয় : মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা উন্নয়ন কমিটির আগষ্ট/ ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।
তারিখ : ১৩/০৮/২০২১ খ্রিঃ।
সময় : বিকাল-২.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
সভাপতি : মোসাঃ সোহেলী পারভীন নিরী
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর তিনি বলেন যে, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক জুলাই, ২০১৩ খ্রিঃ তারিখে প্রকাশিত উপজেলা পরিষদ ম্যানুয়ালের (উপজেলা পরিষদ আইন, ১৯৯৮) এর ধারা ২৯ অনুযায়ী উপজেলা পরিষদের গত ২৫/০৬/২০২১ খ্রিঃ তারিখের সভায় মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি গঠন করেছেন। তিনি গঠিত কমিটির কার্যপরিধি মোতাবেক কার্যক্রম সম্পন্ন করতঃ সুপারিশমালা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের বিষয়ে মতামত প্রদান করেন। এ পর্যায়ে তিনি উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান, পাবলিক পরীক্ষার ফলাফল, শিক্ষার পরিবেশ পরিস্থিতি সম্পর্কে মতামত প্রদানের জন্য উপস্থিত সদস্যদের অনুরোধ করেন।

সভায় উপস্থিত সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, বর্তমানে এ উপজেলায় ০৬টি কলেজ, ৩১টি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়, ০১টি আলিম মাদ্রাসা এবং ১৩টি দাখিল স্তরের মাদ্রাসা রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলির পাবলিক পরীক্ষার সামগ্রিক ফলাফল অতীতের যে কোন সময়ের তুলনায় বর্তমানে ভাল। এ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ভৌত অবকাঠামোগত অবস্থাও ভাল। এ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠান সমূহে পাঠদান পদ্ধতি ও শিক্ষার পরিবেশ ভাল। উপরোক্ত সরকারীভাবে বছরের শুরুতে পাঠবই শিক্ষার্থীদের হাতে পৌঁছে দেয়ায় যথাসময়ে শিক্ষা কার্যক্রম শুরু করা সম্ভব হওয়ায় পাঠদানে কোন জটিলতা সৃষ্টি হয়নি।

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার উন্নয়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহে বর্তমান পাঠদান, পাবলিক পরীক্ষার ফলাফল, শিক্ষার পরিবেশ ধরে রেখে তা অব্যাহত রাখার জন্য সভার পক্ষ হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা উন্নয়ন কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

কালিয়া, নড়াইল।

তারিখ : ১৩/০৮/২০২১ খ্রিঃ।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০০.০০০.০০.২১-৪৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

০২। জনাব

—*Sheer*—

সদস্য সচিব

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা উন্নয়ন কমিটি

ও

উপজেলা মাধ্যমিক অফিসার

কালিয়া, নড়াইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং- ০৫.৪৪.৬৫২৮.০০১.০০.০০০.-৪

তারিখ :- ০৬/০৬/১৩ খ্রিঃ।

বিষয় : উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সংসদ আসের সভার নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৬/০৬/১৩ খ্রিঃ তারিখ বেলা- ২:০০ ঘটিকার সময় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

(মোসাঃ সোহেলী পারভীন নিরী)

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

প্রাপক : জনাব

.....।